

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বরঃ ৩৩.০১.৫৯২৪.০০০.১৬.০২০.১৬-৪১


তারিখঃ ০১.০৮.২০১৯ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রশাসনিক খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অত্র উপজেলার ৭টি ইউনিয়নে (হোসেন্দী ইউনিয়ন ব্যতিত) ০১(এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র, অভিজ্ঞতা, জাতীয়তা ও নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। আগ্রহীদেরকে আগামী ১৮/০৮/২০১৯খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হল।

যোগ্যতা ও অভিজ্ঞতা :

১. সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসাবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়নকেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নেই।


উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

- ১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ২) উপজেলা কৃষি কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

অনুলিপিঃ

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।